

রাসিক কল সেন্টার  
হেল্পলাইন নম্বর ১৬১০৫

রাজশাহী সিটি কর্পোরেশন  
রাজশাহী  
সাধারণ প্রশাসনিক শাখা  
erajshahi.portal.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

রাজশাহী সিটি কর্পোরেশনের পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সভার  
কার্যবিবরণী

সভার	: জনাব মোঃ জাহের হোসেন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৯ ও সভাপতি পার্ক ও
সভাপতি	বিনোদন স্পট ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।
সভার	: সচিব দপ্তর, রাজশাহী সিটি কর্পোরেশন।
স্থান	
সভার	: ০৫-০২-২০২৪
তারিখ	
	: ১১.৩০ ঘটিকায়।
সময়	

সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নাম : পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচির আলোকে মতামত প্রদানের জন্য পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্যকে আহ্বান জানান।

আলোচ্যসূচি : ১। রাজশাহী সিটি কর্পোরেশনে আওতাভুক্ত পার্ক সমূহের বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা ও সুপারিশ গ্রহণ।

আলোচনা : সভার সভাপতি আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপনের জন্য উক্ত কমিটির সদস্য সচিব কে অনুরোধ জানান। অতঃপর সদস্য সচিব বিষয়টি সভায় উপস্থাপিত হয়। তিনি এবিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং উপস্থিত সকলের নিকট মতামত/প্রস্তাব আহ্বান করেন। সংরক্ষিত আসন জোন-৭ এর সম্মানিত কাউন্সিলর সুলতানা আহমেদ সাগরিকা বলেন পার্ক বিনোদন কেন্দ্র স্পট ব্যবস্থাপনা স্থায়ী কমিটির পরবর্তী সভা কেন্দ্রীয় উদ্যানে অনুষ্ঠিত হতে পারে। শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানের সুপারভাইজার আয় বিবরণী উপস্থাপন করেন। এ বিষয়ে সভাপতি ব্যায় বিবরণী আগামী ২(দুই) দিনের মধ্যে সচিব এর নিকট উপস্থাপনের নির্দেশ প্রদান করেন। কেন্দ্রীয় উদ্যানের বিভিন্ন রাইডসমূহের ইজারা কার্যক্রম তরাণিত করার তাগিদ দেয়া হয়। ভ্যাটেরিনারি সার্জন পার্কের সংক্ষিপ্ত ইতিহাস উপস্থাপন করেন। পশু পাখি না থাকায় দর্শনার্থীগণ বিরূপ প্রতিক্রিয়া ব্যক্ত করছেন মর্মে তিনি সভাকে অবহিত করেন এবং বলেন পার্কে দেশী পাখির খাঁচা তৈরী করে দর্শনার্থীদের মনোরঞ্জন করা সম্ভব। পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির তত্ত্বাবধানে রঙিন মাছ কেন্দ্রীয় উদ্যানে অভ্যাঙুরে অবস্থিত পুকুরে দ্রুত ছাড়ার বিষয়ে আলোচনা করা হয়। শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানের পিকনিক স্পটসমূহ দ্রুত প্রস্তুত করার উদ্যোগ গ্রহণের বিষয়ে সকলে একমত পোষণ করেন। রাসিকের নিয়ন্ত্রণাধীন শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যান সহ পার্ক/বিনোদন স্পট নিয়মিত ভিজিট করার প্রস্তাব উপস্থাপিত হয়। শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানের সুপারভাইজার উক্ত উদ্যানের পরিষ্কার পরিচ্ছন্নতাসহ অন্যান্য কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য অতিরিক্ত জনবলের প্রস্তাব করেন। সভাপতি বলেন রাসিকের নিয়ন্ত্রণাধীন সকল বিনোদন কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী সহ অন্যান্য কর্মচারীগণের তালিকা আগামী সভায় উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন। সুপারিশ : বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের আওতাভুক্ত পার্ক/বিনোদন কেন্দ্রসমূহের বর্তমান অবস্থা সম্পর্কে পর্যালোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সুপারিশসমূহ গৃহীত হয়।

- ক. কেন্দ্রীয় উদ্যানের বিভিন্ন রাইডসমূহের ইজারা কার্যক্রম ত্বরান্বিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সুপারিশ গৃহীত হয় ।
- খ. শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানের পিকনিক স্পটসমূহ দ্রুত প্রস্তুত করার সর্বসম্মত সুপারিশ গৃহীত হয় ।
- গ. পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির তত্ত্বাবধানে রঙিন মাছ কেন্দ্রীয় উদ্যানে অভ্যন্তরে অবস্থিত পুকুরে দ্রুত ছাড়ার সর্বসম্মত সুপারিশ গৃহীত হয় ।
- ঘ. শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানে দর্শনার্থীদের মনোরঞ্জন করার জন্য দেশী পাখির খাঁচা তৈরীর সর্বসম্মত সুপারিশ গৃহীত হয় ।
- ঙ. শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যান সহ পার্ক/বিনোদন স্পটসমূহ নিয়মিত ভিজিট করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সুপারিশ গৃহীত হয় ।
- চ. শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানের সুপারভাইজার উক্ত উদ্যানের পরিষ্কার পরিচ্ছন্নতাসহ অন্যান্য কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য অতিরিক্ত জনবল দ্রুত সংস্থাপনের সর্বসম্মত সুপারিশ গৃহীত হয় ।
- ছ. রাসিকের নিয়ন্ত্রণাধীন সকল বিনোদন কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী সহ অন্যান্য কর্মচারীগণের তালিকা আগামী সভায় উপস্থাপনের সর্বসম্মত সুপারিশ গৃহীত হয় ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ জাহের হোসেন )  
সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৯  
ও  
সভাপতি  
পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি  
রাজশাহী সিটি কর্পোরেশন ।

স্মারক নং- ৪৬.১২.০০০০.০০৩.০৭.০৪৮.২৪.

তারিখ : মাঘ ১৪২৭ / ফেব্রুয়ারি

২০২৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

- ১। জনাব .....সভাপতি/সদস্য/সচিব ও সদস্য সচিব/সম্মানীয় কাউন্সিলর/ওয়ার্ড নং ....., পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন ।
- ২। প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন ।
- ৩। প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ।
- ৪। মাননীয় মেয়র এর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন । (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা এর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন । (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। অফিস কপি ।

সচিব  
রাজশাহী সিটি কর্পোরেশন  
টেলিঃ-০৭২১-